Sapan Founding Charter	সাপান প্রতিষ্ঠার সনদ
Sapan is a coalition of individuals and representatives of various organisations joining hands for a minimum common agenda: Reclaiming South Asia.	সাপান হবে বিভিন্ন সংস্থার প্রতিনিধি ও ব্যক্তির সমন্বয়ে গঠিত একটি জোট (coalition) যারা দক্ষিণ এশিয়াকে স্বরূপে ফিরে পেতে নূন্যতম যৌথ লক্ষ্য অর্জনে ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে সম্মত।
In doing so, we reiterate our commitment to take forward the principles and ideals of peace, justice, democracy and human rights articulated by visionaries like Dr Mubashir Hasan, Nikhil Chakravartty, Asma Jahangir, Nirmala Deshpande, Kuldip Nayar, Rajni Kothari among others – a visa-free South Asia or confederation of nations with soft borders. A region in which each nation ensures quality education, justice, and freedom of expression and religion to its own citizens as well as support and solidarity to those of the other nations.	এই লক্ষ্যে কাজ করতে, আমরা আমাদের এই অঙ্গিকার পূর্ণব্যক্ত করছি যে, আমরা শান্তি, ন্যায় বিচার, গণতন্ত্র এবং মানবাধিকার যার জন্য আমাদের স্বপ্নদ্রষ্টারা যেমন- ড. মোবাশ্বির হাসান, নিখিল চক্রবর্তী, আসমা জাহাঙ্গির, নির্মলা, দেশপান্ডে, কুলদ্বীপ নায়ার, রজনী কোঠারী এবং অন্যরা সোচ্চারে কাজ করে গেছেন। লক্ষ্যগুলি হচ্ছে ভিসামুক্ত দক্ষিণ এশিয়া অথবা দক্ষিণ এশিয়ার দেশগুলিকে নিয়ে একটি কনফেডারেশন গঠন যেখানে সংশ্লিষ্ট দেশগুলির সীমান্ত হবে পরস্পরের জন্য সহজ চলাচল বান্ধব। এটা হবে এমন একটি অঞ্চল যেখানে প্রতিটি দেশ তার নাগরিকদের জন্য উচ্চ মানসম্মত শিক্ষা, ন্যায় বিচার, বাক স্বাধীনতা, নিজ নিজ ধর্ম পালনের স্বাধীনতা নিশ্চিত করবে এবং একই সাথে অন্য দেশগুলির নাগরিকদের জন্য ঐ অধিকারের প্রতি পূর্ণ সংহতি ও সমর্থন জ্ঞাপন করবে।
We aim to 'reclaim South Asia', to quote another of our mentors and visionaries, the late I.A. Rehman.	এই জোটের লক্ষ্য হবে আমাদের আর এক স্বপ্নদ্রষ্টা ও পথ প্রদর্শক প্রয়াত আই.এ. রেহমানের ভাষায় প্রকৃত দক্ষিণ এশিয়াকে ফিরে পেতে কাজ করা।
We support the objectives of SAARC, the South Asian Association for Regional Cooperation:	আমরা সার্ক- অর্থাৎ দক্ষিণ এশিয়ার আঞ্চলিক সহযোগিতা সংঘ বা জোট (South Asian Association for Regional Cooperation)- এর উদ্দেশ্যসমূহকে পুরাপুরি সমর্থন করি।
"To promote the welfare of the peoples of South Asia and to improve their quality of life; to accelerate economic growth, social progress and cultural development in the region and to provide all individuals the opportunity to live in dignity and to realize their full potential; to promote and strengthen collective self-reliance	দক্ষিণ এশিয়ার জনগণের কল্যাণকে অগ্রসরমান করতে, তাদের জীবন মান উন্নত করতে, এই অঞ্চলের অর্থনৈতিক প্রবৃদ্ধি এগিয়ে নিতে, সামাজিক প্রগতি এবং সাংস্কৃতিক উন্নয়ন জোরদার করতে এবং এই অঞ্চলের সকল ব্যক্তি নাগরিকের মর্যাদার সঙ্গে বেঁচে থাকার সুবিধা নিশ্চিত করতে, তাদের প্রত্যেকের নিজ নিজ সম্ভবনাময় প্রতিভার বিকাশ ঘটাতে এবং দক্ষিণ এশিয়ার দেশগুলির সম্মিলিত আত্মনির্ভরতা অর্জন-প্রচেষ্টা শক্তিশালী করতে, পরস্পরের প্রতি বিশ্বাস, আস্থা ও সমঝোতা এবং একে অপরের বিশেষ সমস্যাগুলি অনুধাবনে

among the countries of South Asia; to contribute to mutual trust, understanding and appreciation of one another's problems; to promote active collaboration and mutual assistance in the economic, social, cultural, technical and scientific fields; to strengthen cooperation with other developing countries; to strengthen cooperation among themselves in international forums on matters of common interests; and to cooperate with international and regional organizations with similar aims and purposes."	এই জোট ভূমিকা রাখবে। এছাড়া পরস্পরের মধ্যে সক্রিয় সহযোগিতা বৃদ্ধি, অর্থনৈতিক সামাজিক সাংস্কৃতিক, কারিগরি ও বিজ্ঞান- প্রযুক্তির ক্ষেত্রে পারস্পরিক সহায়তা যাতে কার্যকর হয় তার চেষ্টা চালাবে এই জোট। অন্যান্য উন্নয়নশীল দেশের সাথে সহযোগিতাও জোরদার করবে; একই সাথে বিভিন্ন আন্তর্জাতিক ফোরাম এবং যৌথ স্বার্থ সম্পর্কিত বিষয়গুলিতে নিজদের মধ্যে সহযোগিতা বৃদ্ধির জন্য কাজ করবে। একই সঙ্গে অন্যান্য আন্তর্জাতিক ও আঞ্চলিক সংগঠনের সঙ্গে এই ধরনের উদ্দেশ্য ও লক্ষ্য অর্জনের জন্য সহযোগিতা বৃদ্ধিতে জোট ভূমিকা রাখবে।
The South Asia Peace Action Network therefore calls on the governments and peoples of South Asian nations to work towards:	দক্ষিণ এশিয়া শান্তি অ্যাকশন নেটওয়ার্ক (South Asia Peace Action Network) দক্ষিণ এশিয়ার সকল দেশের সরকার ও জনগণের প্রতি এই লক্ষ্যগুলি পূরণের জন্য কাজ করতে আহ্বান জানাচ্ছে:
Instituting soft borders and visa-free South Asia, or visa-on-arrival, to allow freedom of trade and travel to each other's citizens	এই অঞ্চলের প্রত্যেক দেশের জন্য পারস্পরিক বাণিজ্য এবং পর্যটকদের চলাচলকে সহজতর করতে পরস্পরের নাগরিকদের জন্য সীমান্তের কড়াকড়ি শিথিল করা এবং ভিসা মুক্ত দক্ষিণ এশিয়া কিংবা অন-অ্যারাইভ্যাল ভিসা পদ্ধতি চালু করতে হবে।
Ensure human rights and dignity for all their citizens including religious and ethnic minorities, women, children and other oppressed communities	প্রত্যেক দেশের ধর্মীয় ও জাতিগত সংখ্যালঘু, নারী, শিশু এবং অন্যান্য অবহেলিত জনগোষ্ঠীসহ সকল নাগরিকের জন্য মানবিক মর্যাদা এবং মানবাধিকার নিশ্চিত করতে হবে।
Cooperate in areas related to public health, culture and legal reform, education, environment, climate change, water issues, disarmament, de-militarisation and de-nuclearisation.	অঞ্চলের সকল দেশের মধ্যে পারমানবিক অস্ত্রের ব্যবহার রোধ, বেসামরিকীকরণ, যুদ্ধাস্ত্রের উৎপাদন ও ব্যবহার হ্রাসকরণ, জলসম্পদে অংশীদারিত্ব, জলবায়ু পরিবর্তন বিপর্যয়, পরিবেশ সুরক্ষা, শিক্ষার উন্নয়ন, আইনের জনবান্ধব সংস্কার, সংস্কৃতির বিকাশ এবং জনস্বাস্থ্য সেবার উন্নয়ন প্রভৃতি ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধি করতে হবে।